শ্রীশ্রীজগদীশ্বরায় নমঃ।

আইন দর্পণ নামক গ্রন্থঃ।

L R.17

অর্থাৎ

রাজস্ব সম্পর্কীয় চলিত আইন ও সদর আদালতের
সরকিউলর চিঠি এবং নিষ্কর বৃত্তি ভোগি
দিগের নিমিত্তে যেং আইন চলিত
আছে তাহা সংক্ষেপে
সংগৃহীত হইয়া
ইদানিন্ত

জ্ঞানকৌমুদী প্রেসে প্রকাশিত হইল এই পুস্তক যাহার
প্রয়োজন হইবেক তিনি মোং কলিকাতার শোভা
বাজারের বটতলার উত্তরাংশে তত্ত্ব করিলে
পাইবেন।

ইতি তারিখ ২৫ আষাঢ় সন ১২৫৯ সাল সোমবার

প্রকরণ	পৃষ্ঠা
ক্রয় কারি নিয়োগ করণ	১
অযথার্থ কাগজ দাখিল করিলে দণ্ড	ঐ
বিনা সনন্দে ক্রয় করিতে নিষেধ	ঐ
ভূম্যাধিকারির আদেশব্যতীত পাট্টা না দেওয়া	২
অধিক উসুলের নিষেধ	ঐ
মাথট নিষেধ	ঐ
প্রজাদিগকে পাট্টা নাদিলে দণ্ড	৩
খাজানার রসীদ নাদিলে দণ্ড	ঐ
জমীদারের ক্ষতি নিষেধ	ঐ
নীলাম খরীদার ভূম্যধিকারির বিষয়	৪
জমা বেশি বিবরণ	ঐ
উত্তমর্ণাদি পাট্টার বিবরণ	৫
জমীদারের বাকী আদায়	ঐ
জমীজমা ইজারা অধিকার করণ	৬
ক্রোক করণার্থ পোলীসের মদৎ	৭
ক্রোক বিক্রয়ের নিয়ম	৮
কালেক্টরিতে সোপর্দ্দ	৯
জমিদারের দ্রব্যাদি বিক্রয় নিষেধ	ঐ
ক্রোক খোলসা করণের বিবরণ	ঐ
লবণ সংক্রান্ত ক্রোক বিক্রয় বিষয়	১০
সরাসরি নালিশ বিবরণ	১১
কাগজের কারণ চাকরের নামে নালিশ	ঐ

প্রকরণ	পৃষ্ঠা
গর সরাসরি	১২
আগামি খাজানা দিতে নিষেধ	ঐ
প্রজা তলব	ঐ
দেবধর্ম্ম বিষয়	১৩
দশসালাবন্দবস্তি ভূমিতে সরকারের নির্দোষ	১৪
নিষ্কর ভূমির বিবরণ	১৫
তলব মতে দলিল না দিলে	১৬
রেজেষ্টরি করাভিন্ন দলিল অগ্রাহ্য	ঐ
ঐ নালিশের ইষ্টাম্প	১৭
আঙ্গরাজ বাজেয়াপ্তির কথকারি পাওন	ঐ
ঐ বিষয়ের আপীল	ঐ
আপীলকারির জামিন দিবার বিবরণ	১৮
নিষ্কর ভোগা রাজস্ব দিতে অস্বীকার করিলে	ঐ
লাখরাজদার ও ভোগির নাম খারিজ	১৯
পাট্টা ও সনন্দের বিবেচনা	ঐ
বাজেয়াপ্ত ভূমি জমীদারের দখলেরাখন	২০
বাজেয়াপ্ত ভূমির ছানি তজবিজ	ঐ
জামিনার আলাহিদা ইষ্টাম্পের হুকুম	ঐ
যে যে সন তারিখে যে দেশে সরকারে অধিকার	২১
নিষ্কর ভূমি যাহা বহাল থাকিবেক	ঐ
নিষ্কর ভূমি বাজেয়াপ্ত হইলে দানি তজবীজ	২২
প্রধান সদর আমিনদিগের প্রতি	২৪

প্রকরণ পৃষ্ঠা
পত্তনি তালুক বহালের বিবরণ ২৫
পত্তনি ও দর পত্তনি তালুক স্থায়ি হওনের বিধান ২৬
পত্তনি তালুক খারিজ দাখিল দাখিল করণ বিষয় ২৭
নীলামী চিঠ। ২৮
নীলামের নূতন আইন ৩৫
আইন ঐ
সুদ ও জরীমানা রহিত ঐ
নীলামের নিরূপিত দিবস ঐ
জমা ধার্য্য নাহওয়া দেশে ওবারাণস্যে বর্জ্জিতকথা ৩৭
বাকী এই কথার অর্থ ঐ
বাকীপড়া সকল জমীদারীর নিলাম ঐ
কমিকরণ এবং জমাখরচে ভুক্তিয়ালওনেরদাওয়া ৩৮
বর্জ্জিত বিষয় ৩৯
মালিক ভিন্ন অন্য ব্যক্তির টাকা দেওন ৪১
আদালতের দ্বারা ক্রোক হওয়া জমীদারী ৪৩
নীলাম ক্ষমা ও বিশেষ নিয়ম ৪৪
নীলাম নিষেধ করণ ৪৫
নীলামের ক্রয় ৪৬
খরীদের বায়না ৪৭
খরিদের অবশিষ্ট টাকা ঐ
নীলামের এক্তেলায় পরপ্রজার খাজনা দেওয়াস্থগিত ৪৯
আপীল ৫০

প্রকরণ	পৃষ্ঠা
গবর্ণমেণ্ট জমীদারী ফিরিয়া দিতে পারেন	৫১
নীলাম যে সময়ে চুড়ান্ত হইবেক তাহা	ঐ
অধিকারের নিদর্শন	৫২
বিনামী খরীদ	৫৪
নীলাম অন্যথা হওনের এক্তেলা	৫৬
খরিদার ও য়ানীলাতের দাবী	ঐ
যে নিয়মে নীলাম অন্যথা হইতে পারে তাহার বিবরণ	৫৬
নীলাম অসিদ্ধ হইলে টাকা ফিরিয়া দেওন	৫৭
বাঙ্গলা প্রভৃতি দেশে খাজনা বৃদ্ধি করণ	৫৮
অন্য প্রকার পাট্টাদার	৬০
ছাড়ায় গবর্ণমেণ্ট পূর্ব্বের পাট্টা বজায় রাখিতে পারেন	৬২
জমী দায়ি ক্রয় হওন	৬৪
বাকীখাজনা আদায়	৬৫
আদালতের অবজ্ঞা	৬৬
টাকা দেওনের ক্রটি	ঐ
ঐ আইন যে খানে ও যে তারিখে চলন হইবেক	ঐ
দেনা পাওনার রসিদের ইষ্টাম্প	৬৭
কোবালা ও দান পত্রাদির ইষ্ট্যাম্প	৬৮
পাট্টা কবুলতির ইষ্ট্যাম্প	৬৯
তমঃসুকের ইষ্টাম্প	৭০
নালিশি আরজীর ইষ্ট্যাম্প	৭১

ভূমিকা।

এই আইন দর্পণ জমীদার ও নানাপ্রকার ভূম্যাধিকারী ও ইজারদার ও কটকীনাদার মহাশয় ও তৎসম্বন্ধীয় আমলা মহাশয় দিগের আদায় তহসিল ও জমা বেশীকরণ ও ক্রোক বিক্রয় করিয়া লওন বাকী খাজনা দেওন বিষয়ে যে সকল আইন প্রচলিত আছে তাহা আর নিষ্কর ভূস্বামি মহাশয় দিগের ভূমি যে সন তারিখের যে রূপ সনন্দের যে রূপ প্রমাণ পূর্ব্বক ভোগ দখলে থাকিলে যে মতে বহাল থাকিবেক ও পতিত ভূমিতে আবাদ জারী করণের অনুমতি ও পাট্টা কবুলতির রসিদ কোবালার ইষ্টাম্প ইত্যাদি বিষয় সকলে যে সনের যে আইনে যে রূপে হুকুম আছে তাহার সার ও ফলিতার্থ যে কিঞ্চিৎ এই গ্রন্থে সংগৃহীত করিলাম গুণিগণ মহাশয়রা দৃষ্টি করিলে যদি কোন অংশে কিছু ব্যতিক্রম হইয়া থাকে তাহা স্বীয়গুণে শোধন করিয়া দিতে কৃপা করিবেন ইতি।

সংগ্রহকারক শ্রীযুত ঠাকুর দাস ঘোষ।

আইন দর্পণ নামক গ্রন্থঃ ॥

জমীদার ও তালুকদার দিগের নাএব ও কর্ম্ম চারি নিয়োগ করণের বিধি ।

কর্ম্মচারি নিয়োগ করণ ।

১৭৯৩ সালের ৮ আইনের ৬২ ধারার ১ । ২ প্রকরণে এতদাজ্ঞা আছে যে ভূম্যাধিকারিরা নিজ২ কারে প্রতিগ্রামে একং জন কর্ম্মচারি নিযুক্ত করিবেন এবং ঐ সকল কর্ম্মচারিরা তলবমতে হিসাব ও জমী জমার কাগজাত দাখিল করিবে ।

১৮১৭ সালের ১২ আইনের ৩ ধারায় অনুমতি আছে যে গ্রামের২ এক একজন কিম্বা বিষয় বুঝিয়া অধিকগ্রামে একজন অথবা একগ্রামে অধিকজন কর্ম্মচারি নিযুক্ত করিতে হইবেক ।

অযথার্থ কাগজ দাখিলকরিলেদণ্ড ।

১৮১৭ সালের ১২ আইনের ২৬ ধারায় আদেশ যে কোন কর্ম্ম চারি অযথার্থ কাগজ দাখিল করিলে তাহার দণ্ড দায়ের সায়েরি আদালতে হইবেক ॥

বিনা সনদে কর্ম্ম করিতে নিষেধ ।

১৭৯৩ সালের ৮ আইনের ৬৩ ধারায় আজ্ঞা আ

ছে যে ভূম্যধিকারির সনদ ব্যতীত কেহ খাজানা তহসীলের কর্ম্মে প্রবর্ত্ত হইবে না।

ভূম্যধিকারির আদেশ ব্যতীত
পাট্টা দেওনের নিষেধ।

১৭৯৩ সালের ৮ আইনের ৫৭ ধারায় আজ্ঞা আছে যে প্রজার পাট্টাদি ইজারদার আপন মিয়াদের অতিরিক্ত মিয়াদে ভূম্যধিকারির অনুমতি ব্যতিরেকে দিবে না এবং সরবরাহ কারও কর্ম্ম চারিগণ আপন মনীবের অনুমতিতে পাট্টা দিতে পারিবেনা

জমীদারদিগের ইজারদার ও প্রজাদিগের স্থানে
ওজস্তা জমার অতিরিক্ত আদায়
নাকরিবার কথা।
অধিক উসূলের নিষেধ।

১৭৯৩ সালের ৮ আইনের ৫২ ধারায় আদেশ আছে যে জমীদারেরা ইস্তমরারিবন্দোবস্তে গোল না রাখেন এবং প্রজাদিগের স্থান হইতে করারদাদের অতিরিক্ত আদায় না করেন্ যদ্যপি অতিরিক্ত আদায় সপ্রমাণ হয় তবে তাহার দ্বিগুণ দণ্ড দেওয়ান যাইবেক॥

মাথট নিষেধ।

১৭৯৩ সালে ৮ আইনের ৫৫ ধারায় আদেশ আছে, যে জমীদার ও তালুকদার ও পত্তনিতালুক

দার ও ইজারদার প্রভৃতিরা প্রজাদিগের স্থানে কোন বাবতে মাথট ইত্যাদি কিছু গ্রহণ করিতে পারিবেক না। যদ্যপি গ্রহণ করেন তবে তাহার তিনগুণ দণ্ড হইবেক, এবং যত দিবসের অদেয়া থাকে তত দিবসের ঐ প্রমাণে দণ্ড হইবেক।

প্রজাদিগকে পাটটা না দিলে দণ্ড।

১৭৯৩ সালের ৮ আইনের ৫৯ ধারায় এতদনুমতি আছেঃ প্রজার মালগুজারির ধার্য্য হইলে যদি জমীদার ও তালুকদার ও ইজারদার তাহাকে পাটটা না দেন তবে ঐ প্রজা জেলার জজ সাহেবের সমীপে আবেদন করিলে তদ্যধিকারিদিগের দণ্ড হইবেক।

খাজানার রসীদ না দিলে দণ্ড।

১৭৯৩ সালের ৮ আইনের ৬৩ ধারায় আজ্ঞা আছে, মালগুজারির টাকা উসলকালীন কিস্তি কিস্ত প্রজা দিগকে রসীদ অর্থাৎ উসুলের কবজ দিবে যদি স্যাৎ রসীদ না দেওয়া প্রমাণ কৃত হয় তবে ঐ অপরাধে আসামীর দ্বিগুণ দণ্ড হইবেক।

জমীদারের প্রতি নিষেধ।

১৭৯৩ সালের ৮ আইনের ৬৬ ধারায় এতদাজ্ঞা আছে যে জমীদার ও তালুকদারেরা আদালত ও ফৌজদারি ও কালেকটরির মোকদ্দমাতে হস্ত না দেন, যদি দেন তবে আদালতের সাহেব তাহার

যোচিত জানেন তক্ত দণ্ড করিবেন ।

নীলাম খরীদারভূম্যধিকারিরবিষয় ।

জমীদারেরা আপন অধীন ইজারদার ও প্রজা দিগের স্থানে যদ্রূপে বেশী খাজানা তলব করিতে পারিবেন তাহার বিবরণ।

জমা বেশি বিষয়ে ।

১৮১২ সালের ৫ আইনের ৯ ধারার আদেশ মতে জমীদারেরা অধিন তালুকদার ও ইজারদার ও প্রজা দিগের নামে বেশী মালগুজারি তলবের পরিমাণ লিখিয়া জ্যৈষ্ঠ মাসের মধ্যে এত্তেলা দিবেন, না দিলে তলব হইবেক না।

২।৩ ধারায় আজ্ঞা আছে যে সনের বাকীর কারণ নীলাম হয় সে সনে বেশী হইবেক না। ১০ ধারায় অনুমতি এই রূপ এত্তেলা নামা না দিলে পূর্ব্বের করার দাদের বেশ খাজনার কারণ বস্তু ক্রোক কি করে ক কি দেওয়ানি আদালতে নালিশ করিলেও আদায় হইবেক না, যদি ইজারদার ও প্রজা প্রভৃতিরা হাজির হইয়া এত্তেলা নামা না লয় তবে তাহার বাসস্থানে লটকাইয়া দিবেক, অপর জমাথার্য্য নাক রে ও পাটটা না লয় তবে সদর দেওয়ানি আদালতের ১৮ ১৮ সালের ১৪ সেপটম্বরের সর কিউলর চিটির আজ্ঞা প্রমাণে নালিশ হইবেক।

ইস্তমরারি পাটার বিষয় ।

১৭৯৩ সালের ৭ আইন ২৯ ধারার ৫ প্রকরানুসারে ১০ সালা বন্দোবস্তের পুর্ব্বে ১২ বৎসর অবধি ষেছয়ে শমার ভোগ থাকিলে ঐ ভূমির উপর খেণী জমা হইবেকনা ॥

জমিদারের বাকী আদায়ের বিবরণ ॥

বাকী আদায়ে ক্রোক সাজওয়াল নিযুক্ত করণ ।

১৭৯৯ সালের ৭ আইন ১৪ ধারার ৬ প্রকরণের আজ্ঞা মত ইজারদার ও কটকীনাদার কোন ভূম্যধিকারির বাকী আদায় না করে তবে ঐ ভূম্যধিকারির ক্ষমতা থাকিবেক যে তাহার ইজারা কটকিনার মহাল ক্রোক করিয়া যত টাকা উসুল হইবেক তাহার মধ্যে তহশীলের খরচ ও বাকির সুদ বর্ত্তন করিয়া বাকি টাকা খাজানায় জমা করিবেক।

এবিষয় ১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারায় সুধরণ হইয়াছে ॥

১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারায় ২ প্রকরণে আজ্ঞা আছে যে জমীদার ও তালুকদার লোক ইজারাদার প্রভৃতি দিগের বকেয়া/বাকি আদায় নিমিত্ত সরসরিতে দরখাস্ত দাখিল করিয়া দস্তক জারি করিবেক আসামী গেরেফতার হউক বা না হউক ক্রোক সাজোয়াল নিযুক্ত করিবেক কিন্তু ক্রোক সাজোওয়াল

নিযুক্তকরা ইচ্ছানুরূপমতে তাহাতে নিয়ম এই যে দস্তুরাতের লিখিত তৰ্জ্জবি খাজনা বাকি পড়নের সময়াবধি একমাস গত হইলে ক্রোক সাজোয়াল প্রেরণ করিতে পারিবেন ৷৷

জমীজমা ইজারা অধিকার করণ ৷

১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারায় প্রকরণে আজ্ঞা আছে যে সরকারিতে বাকি সপ্রমাণ হইলে জমীদার ইজারা দেওয়া ভূমি এবং ৫ প্রকরণের আদেশ যে খোদকস্তা প্রজা ও বহুকাল নিবাসি কৃষি কর্ম্ম কারি লোকের নামে সরসাৰস্তে বাকির ফয়সালা হইয়া ঐ ফয়সালা যদি জারি না হইয়া থাকে অথবা বাকি আদায় না হয় তবে আর্থির সনেতে জমীদার ঐ বাকিদার প্রজার জমাই জমি ইত্যাদি অন্যব্যক্তিকে বিলি করিতে অনুমতি পাওনের বিষয়ে শ্রীযুক্ত কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত করিলে পূর্ব্বদার আসামির কোন ওজর থাকিবেক না ৷

ক্রোক বিক্রয়ে মালগুজারির বাকি আদায়ের বিবরণ

ক্রোক ও বিক্রয় ৷৷

১৮ ৫ সাল ২ আইনের ধারার ১ প্রকরণে আদেশ আছে যে বাকী পড়নের কালাবধি ১২ মাস পর্য্যন্ত বাকীর নালিশ সরসরি হইতে পারিবেক এবং সদর দেওয়ানি আদালতের ১৮০৭ সালের ১১

ফেব্রুওয়ারির লিখিত চিঠিতে এবং ১৭৯৯ সালের ৭ আইনের ৪ ধারাতে আজ্ঞা আছে যে বাকীদার পুষ্যাও ইজারদার ও কটকিনাদারদিগের জামাদি ৫ দিনমিয়াদে ক্রোক করিবে এবং ১৮১২ সালের ৫ আইনের ১৩ ধারায় আজ্ঞা যে বাকিদার দিগের দুর্ব্যাদি ক্রোক করণের পূর্ব্বে কিম্বা ক্রোক করণের সময় জমাওয়াশীল বাকীর হিসাব সম্বলিত বাকীদারকে এত্তেলানামা দিবে বিনা এত্তেলা নামা ক্রোক বিক্রয় অসিদ্ধ।

ক্রোক করণার্থ পোলীসের মদৎ।

১৮১৭ সালের ২০ আইনের ২৭ ধারার ২ প্রকরণে আজ্ঞা আছে, ক্রোকের সহায়তা নিমিত্ত ক্রোক কর্ত্তা পোলীসের থানায় এই মতলবে দরখাস্ত দিবে যে ক্রোক করিতে বাকীদার দাঙ্গা ও আপত্তি করিবেক, সুকৃতি নামা দ্বারা এই দরখাস্ত দিলে দারোগা থানার পেয়াদা মদৎ দিবেন, এবং চতুর্থ প্রকরণের আজ্ঞা, যদি পেয়াদার এত্তেলায় দারোগা জানেন যে বাকীদার স্থাবরাদি বিষয় ক্রোক করিতে বল প্রকাশ করিতেছে তবে স্বয়ং দারোগা কিম্বা বর্খন্দাজ অথবা জমাদারকে পাঠাইয়া ক্রোক কর্ত্তার সহায়তা করিবেন যদি গুপ্তমাল তল্লাস করিতে অন্তঃপুরের দ্বার ভঙ্গ করিতে হয় তাহাতে সহায়তা করি

বেন এবং ১৭৯৯ সালের ৭ আইনের ১১ ধারাতে আজ্ঞা আছে থানার দারোগা লোকের সহায়তা সর্ব্বদা করিবেন ॥

ক্রোক বিক্রয়ের নিয়ম।

১৭৯৯ সালের ৭ আইনের [redacted] ১৮১২ সালের [redacted] আইনের ১৪ ধারাতে আজ্ঞা আজ্ঞা আছে, স্থাবর দ্রব্যাদি ও লাঙ্গল প্রভৃতি ও কারুকর লোকের যন্ত্রাদি ক্রোক করিবেন না ক্রোক করিলেও বিক্রয় হইবেক না।

১৭৯৯ সালের ৭ আইনের ১০ ধারার আজ্ঞা প্রমাণ বাকী দারের দ্রব্যাদি বাটীর মধ্যে থাকিলে পোলীসের মদতের দ্বারা দ্বার খুলিয়া বাকীদারের স্ত্রী লোক সম্ভ্রম যুক্তা হইলে তাহার দিগকে বাটীর এক দেশে রাখাইয়া দ্রব্যাদি ক্রোক করিতে সমর্থ হইবে

১৮২১ সালের [redacted] আইনের আজ্ঞাক্রমে ক্রোকী দ্রব্যাদি বিক্রয়ের প্রার্থনায় মুনসেফ বা কমিসনর বা জজ সাহেব বা কালেক্টর সাহেবের সমীপে ক্রোকের দ্বিতীয় দিবস হইতে ৫ দিবস গতে ভূমির শস্য ক্ষেত্রে ক্রোক হইয়া খামারে আনীত হইলে পর পর দিবস হইতে ৫ দিবস গতে বিক্রয় করণের আবেদন বাকী পাওনেওয়ালা করিবে, নীলামের পূর্ব্ব দিবস বেবাক বাকী ক্রোকের খরচা সমেত দাখিল না করিলে নীলাম মৌকফ হইবেক না॥

কালেক্টরিতে সোপর্দ।

১৮৩১ সালের ৮ আইনের আজ্ঞা যে নাম ওয়াসিল বাকীর কারণ সরসরি রূপে বাধা হইবেক, তাহা কালেক্টর সাহেবের অধীনে হইতে পারিবেক।

জামিন দায়ের দ্রব্যাদি বিক্রয় নিষেধ।

১৭৯৩ সালের ৭ আইনের ৩ ধারার আদেশ আছে যে বাকী দায়ের সম্পত্তি থাকিতে জামিন দায়ের বিষয় বিক্রয় হইবেক না।

ক্রোক খোলাসা করণের বিষয়

ক্রোকি দ্রব্যাদি বাকীদারের খালাস করিবার বিবরণ।

১৮১২ সালের ৫ আইনের ১৫ ধারার আদেশ আছে বাকীদার যদি ঐ বাকীর ওজোর রাখে তবে তাহার কর্ত্তব্য, যে ক্রোক কারক মনুষ্যের বা কমিশনার বা কালেক্টর সাহেবের হুজুরে ক্রোকের দ্বিতীয় দিবস হইতে ৫ দিনের মধ্যে বাকীর পরিমাণোপযুক্ত জামিন দিয়া এইপ্রকারে এক নিয়ম পত্র লিখিয়া দেয় যে ১৫ দিনের মধ্যে কালেক্টর সাহেবের সমীপে অভিযোগ করিব বিচারানুসারে যতটাকা বাকী হইবেক তাহার বৃদ্ধি সমেত দিব এতদ্রূপ নিয়ম পত্র লিখিয়া দিলে ক্রোকি দ্রব্যাদি খালাস পাইবেক, পরন্তু ১৮৩১ সালের ৮ আইনের

১৬ ধারাতে এই আদেশ আছে যে যদ্যপি সমুদয় বাকীতে আপত্তি না থাকে তবে যাহা একতরফা অংশে তাহা দিয়া উক্ত রূপ এক নিয়ম পত্র লিখিয়া দিলে দ্রব্যাদি প্রাপ্ত হইতে পারিবেক যদ্যপি নিয়মিত দিনের মধ্যে অভিযোগ না করে তবে নিয়ম পত্র লিখিত ১৫ দিবস অতীত হইলে বাকীদার কিম্বা জমিনদার যাহার হউক এক ব্যক্তির দ্রব্যাদি ক্রোক হইয়া বিক্রীত হইবেক ইহাতে নিরাপরাধীতা সেই জামিনদার ক্রোকের খরচা সমেত সমুদায় বাকী কাছারিতে দাখিল না করিলে হইবেক না।

লবণ সংক্রান্ত ক্রোক বিক্রয় বিষয়।

১৭৯৯ সালের ৭ আইনের ৫ ধারায় আদেশ আছে যদি কোন লবণ সংক্রান্ত ক্রোক হয় তবে কালেক্টর সাহেবকে সংবাদ দিবেক ১৭৯৩ সালের ২৯ আইনের ১৯ ধারার ২ প্রকরণে অনুমতি আছে যে সকল লোক নিমক পোক্তানির কার্য্যে নিযুক্ত আছে তাহারদিগকে ১ কার্ত্তিক অবধি আষাঢ় মাস পর্য্যন্ত ভূম্যধিকারিরা খাজানা উসুলকারণ তলব করিতে পারিবেক না যদি কেহ দাবি রাখে তবে তাহারা বাকীদারের দ্রব্যাদি ক্রোক অথবা আদালতে নালিশ করেন আপন পাওনার ইকরারনামা লিখিয়া নিমক পোক্তানির সাহেবের নিকট পাঠাইবে তাহা

তে ঐ সাহেব উচিত হুকুম দিবেন ॥

সরসরি নালিশ বিষয় ॥

১৮১৬ সালের ১০ জুলাই লিখিত অদর দেওয়ানির এটিণ্ডিতে এই আজ্ঞা আছে যে আসামী জেলায় থাকিলে খোলাখাযুক্ত দস্তক জারি হইবেক ।

কাগজের নিমিত্ত চাকরের নামে সরাসরি ॥

১৭৯৯ সালের ৭ আইনের ২০ ধারায় আদেশ আছে ভূম্যাধিকারি ও ইজারদার দিগের খাজনার নিমিত্ত অর্থাৎ মফস্বলি আমলার তহবীল বাকী না তাহার দিগের কাগজ বুঝাইবার জন্য বা নগদ টাকার জন্য উক্ত সরসরিতে নালিশ করিতে পারিবেক এবং তাহার দিগের নামে দস্তক ইত্যাদি জারি হইবেক এই নালিশের মিয়াদ ১২ মাস পর্য্যন্ত ।

১৮৩১ সালের ৮ আইনের ৫ ধারায় আজ্ঞা আছে যে মালগুজারি তহশীল সংক্রান্ত সরসরি নালিশ কালেক্টর সাহেবের সমীপে হইবেক ৬ ধারায় আজ্ঞা আছে যে সরসরি কাগজাতের উপর হওয়া মত করণের মিয়াদ এক বৎসরের অধিক নহে ।

১৮৩১ সালের ৮ আইনের ১০ ধারায় আজ্ঞা আছে যে কালেক্টর সাহেবের নিকটে আর্জি জানাইতে সওয়ালির দাওয়ার নালিশ হইলে সাহেব উক্ত দরখাস্ত করিবেন যে সত্ত পুন বার সরসরি

দিয়াছে তাহাই দেওয়ানীর মৌজান নিমিত্ত এ ভয়স্থলক কয়েদখানায় থাকিলে বেশী দেওয়াই বেক না।

গর জামিনি।

১৮৩১ সালের ৮ আইনের ৮ ধারার অর্থাৎ যাঁহে যে মালগুজারি দাওয়া যাহা সরকারে ... ক যায় এমত দাবি হয়কে সাহেবের ... শী আমলার হইতে হলে যে মুদ্দের উপর তাহা র পিছু মুদ্দের ইতাতে আরজী লিখিয়া দাখিল সংগ্রাহের আদালতে নালিশ করিতে পারিবেক।

১৮৩১ সালের ৮ আইনের ৪ ধারার অর্থাৎ যে কালেক্টর সাহেবের হুকুম অনুসারে দায়। নি কয়সালা যাহা দিয়াছে তাহার উপর আপীল হইবেক, ঐ নালিশ আইন বর খেলাফ হইলে কয়সালা রদ হইবেক।

অগ্রিম খাজানা দিতে নিষেধ।

১৭৯৯ সালের ৭ আইনের ২৩ ধারার প্রজারদিগকে নিষেধ আছে যে ভূম্যধিকারিদিগকে আগাম খাজানার টাকা দিবেক না দিলে আদালতে অধুয়া পাইবে না।

আসামি তলব করিবার বিবরণ।

[illegible]।

১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৮ প্রকরণে আ

জ্ঞা আছে যে ভূম্যধিকারী গণ বাকীর হিসাব ও মীমাংসা কারণ এতো মকদ্দমকে রুজু করিতে পারে বেক এই বিষয়ে আদালতের সাহায্য অপেক্ষা রাখিক না তাহাতে যাহার মোক্তারের অর্থাৎ আপত্তি করণ আদালতে প্রমাণ হইবে তাহার ভাঁজ ঐ আপত্তি কর্ত্তব্য হইবেক এবং জেলার দের জজ সাহেবের বিচারে অর্পিত হইবেক যদি জমীদার আপন ক্ষমতার অন্যথা ও [illegible] অন্যথায় কর্ম্ম করেন তবে তৎ পাত্তেশ্বহে অর্থাৎ খরচা ও খেসারৎ হয় তাহা জমিদারের দেনা হইবেক ও অগ্রিমানাদেওনের উপযুক্ত হইবেক।

বেদখল বিষয়।

জোমানা অন্য দ্রব্য ও ভূমি ইত্যাদি হইতে বেদখলেতে যে যে প্রকারে প্রাপ্তি নালিশ হইবেক।

১৭৯৩ সালের ৪৯ আইনে হুকুম কেহ দখলি ভূমি হইতে অন্যের দ্বারা বেদখল হইয়া বেদখলের তারিখ হইতে ৩ মাসের মধ্যে আদালতে নালিশ করিলে গ্রাহ্য হইবেক ঐ মেয়াদ গতে বিনা আদালত মতে নালিশ গ্রাহ্য হইবেক না।

১৮২৪ সালের ১৫ আইনে হুকুম দখল বেদখলের বাবৎ বিরোধ উপস্থিত হইলে ফৌজদারি [illegible] দিক হইয়া দখলিকারের দখলে থাকিতে [illegible]

ত্তের নালিশ হইলেও ঐ হুকুম রদ হইবেক না তা ৎপর্য্যবিশেষ।

১৮২৪ সালের ১৫ আইনে হুকুম জমী ও সীমানার হদ্দ ও ঘরবাটী ইত্যাদি দখল হইতে বেদখল ও নকাজারি ও জল ছেঁচিবার বিবাদ উপস্থিত হইলে মেজিষ্ট্রেট সাহেবের সমীপে ঐ বিবাদ উত্থাপিত হইলেক আর উভয়ের স্থানে দলিল ও সাবুত লইয়া যে পক্ষের দখল থাকার প্রমাণ হইবেক তাহারি দখলে ফয়সালা দিবেন ঐ ফয়সালার দ্বারা দেওয়ানী আদালতে নালিশ হওন ও চূড়ান্ত হুকুম ব্যতীত রদ হইবেক না।

মেজিষ্ট্রেট সাহেবের ঐ সরাসরি হুকুমের উপর ১ মাস মেয়াদ মধ্যে দায়ের সায়ের জজ সাহেবের নিকট আপিল হইবেক।

দশ সালা বন্দবস্ত ভুক্ত ভূমিতে সরকারের ক্ষমতা।

১৮১৯ সালের ২ আইনের ৩ ধারার ১ প্রকরণে যে ভূমি দশ সালা বন্দোবস্ত ভুক্ত না হইয়া লোক সকলের ভোগ দখলে আছে তাহাতে সরকারের জমা মোকরর হইবেক।

ঐ আইনের ২ প্রকরণে হুকুম দ্বীপ ও চর নিকাশ পলস্তি ভূমি সকল সরকারে জমা নির্ধার্য্য হইবেক ১৮১৯ সালের ২২ অক্টোবর ইংরাজি ঐ কোম্

সেন্সের সেক্রেটরি শ্রীযুক্ত বেকম্যণ সাহেব শ্রীযুক্ত
ম গবরনর জেনরেল বাহাদুরের আদেশ মতে আমার
কীরেন জমিদার শ্রীযুক্ত রাজারামকৃষ্ণ ইত্যাদির দর
খাস্তের উত্তর প্রকরণে দশসালা বন্দোবস্ত বাদ স
র কারে ২ ৩ কড়া জমা নিরূপিত হইয়াছে এক্ষণে
ভূম্যাধি কারিরা যদি ঐ টাকা জমা অত্যয় করিয়া
থাকে তাহাতে সরকার দাওয়া করিবেন না।

১৮১৯ সালের ৯ আইনের ৩১ ধারায় হুকুম যে স
কল ভূমি দশসালা বন্দোবস্ত হইয়াছে তাহার অ
ন্তঃপাতি পূর্ব্বকালের পতিত ও জঙ্গল ইত্যাদি সর
হদ্দের মধ্যে ছিল এক্ষণে ক্রমে আবাদ ও প্রশস্ত
বারি হইয়াছে কি হইতেছে তাহাতে সরকার দাওয়া
দার হোতা নহেন ঐ দশসালা বন্দবস্ত শামিল ভূম্যা
দি ভূম্যাধিকারির হক।

নিষ্কর ভূমির বিবরণ।

১৭৯৩ সালের ১৯ আইনের ২ ধারায় হুকুম কোং
বাহাদুরের দেওয়ানি হইবার অর্থাৎ ইং ১৭৬৫
সালের ১২ আগষ্ট মতাবকে ১১৭২ সালের ৩১ শ্রাব
ণের পূর্ব্বে যে সকল ভূমি নিষ্কর রূপে ব্যক্তি সকল
অবিবাদে ভোগদখলে কায়েম আছেন তাহা অসিদ্ধ
হইবার নহে। যদি কোন সনন্দে সরকারের কার্য্য
কারকের হুকুমে জমা ধার্য্য হইয়া থাকে কিম্বা দ

না পাইয়া থাকে অথবা দখল পাইয়া পুনর্ব্বেদখল হইয়া থাকে তাঁরে বহাল থাকিবেক না।

অতএব মতে দখিল না দিলে।

১৮১৯ সালের ২ আইনের ৫ ধারায় ৬ প্রকরণে আদেশ আছে যে খোদকস্ত জমীভোগীকে ঐ অন্দের কার্য্য কারক সাহেবের নিকট হইতে এত্তালা নামা দেওয়া গেলে পর হইতে নিরূপিত মিয়াদ মধ্যে দখল দাখিল না করিলে মোকদ্দমা একতরফা হইবেক বিশিষ্ট হেতু ব্যতীত দাখিল হইবেক না।

১৩ ধারার ২ প্রকরণে আজ্ঞা আছে ভূমি দখল করিয়া কালেক্টর সাহেবের হুজুরে দস্তাবেজ দাখিল ব্যতীত অন্য দখিল জজ সাহেবের আদালতে দাখিল করিতে গ্রাহ্য হইবেক না কিন্তু বিশিষ্ট হেতু না কালেক্টর সাহেবের জবাবে হেতু প্রকাশ থাকিলে করিবেন।

রেজেষ্টরি বিনা দলিল অগ্রাহ্য।

১৮১১ সালের ২ আইনের ২৮ ধারায় ১২ প্রকরণে লিখিত আছে যদি দিল্লীর বাদসাহী ফরমান কাজীর মার্ফত ইত্যাদি অর্থাৎ পূর্ব্বের অধিপতি দত্ত কোন দানপত্র প্রভৃতি হয়ে তাহাতে রেজেষ্টরি না থাকিলে কিম্বা রেজেষ্টরী বাহওয়ার বিশিষ্ট হেতু থাকিলে গ্রাহ্য হইবেক না।

ঐ নালিশের ইষ্টাম্প

১৮০২ সালের ৭ আইনের ৩০ ধারার ১ প্রকরণে আজ্ঞা আছে লাখেরাজ বাজেয়াপ্তির নালিশের আর্জী সাবেক্তা মত ইষ্ট্যাম্পে হইবেক যে ইষ্ট্যাম্প ভূমীর স্বত্ত্বের মোকদ্দমায় নিরূপিত আছে সরকার বাহাদুর ভিন্ন জমাদার ও তালুকদার নালিশবন্দ হইলে ঐ রূপ ইষ্ট্যাম্পের দরখাস্ত দিতে হইবেক।

লাখেরাজ বাজেয়াপ্তির রুবকারি পাওন।

বিষয়।

১৮২৮ সালের ৩ আইনের ১ প্রকরণে কালেক্টর সাহেব নিষ্কর ভূমি বাজেয়াপ্তের আদেশ প্রদর্শিত করিলে তাহার রুবকারি সাদা কাগজে ঐ বিষয় সম্পর্কীয় ব্যক্তিকে দিবেন।

ঐ বিষয়ে আপীল করণের বিবরণ।

১৮২৮ সালের ৩ আইনের [illegible] ধারার ২ প্রকরণে লাখেরাজ জমির মোকদ্দমা কালেক্টর সাহেবের ফয়সালায় অসম্মত হইলে ফয়সালা পাওনের তারিখ হইতে ২ মাসের মধ্যে কমিসনরে আপীল করিতে পারে মেয়াদ গতে বিশিষ্ট হেতু দর্শাইলে কমিসনর সাহেব মঞ্জুরির একতার রাখেন আপীল ইচ্ছুক ব্যক্তি চাহে কমিসনরের নিকট দরখাস্ত করে অথবা মেয়াদ মধ্যে আপীলের দরখাস্ত কালেক্টর সাহেবের হুজুরী

লীপে দাখিল করিলে ঐ সাহেব শ্রীযুক্ত কামসনর সা
হেবের নিকট পাঠাইবেন।

আপীল কারির জামিন
দিবার বিষয়।

১৮২৮ সালের ৩ আইনের ৪ ধারায় ৩ প্রকরণে কা লেকটর সাহেব আপন ফয়সলাসকসাথে বাজেয়াপ্ত ভূমির রাজস্ব মোকরর জন্যে ক্রোক করিবেন। যদি আসামী আপীল করণ হেতুক এই একরারে জামিন দেয় যে যদি সরকারের রাজস্ব মোকরর হয় পরে যত টাকা জমা হইবেক কালেকটর সাহেবের নিষ্পত্তির তা রিখাবধি ঐ জমা আমি দিব তবে ক্রোক করণে ক্ষান্ত হইবেন।

নিষ্করভোগী রাজস্ব দিতে
অস্বীকার করিলে।

১৮২৮ সালের ৩ আইন ১০ ধারা ২ প্রকরণে যে জু মিতে সরকারের রাজস্ব মোকরর হইবার হুকুম হই বেক যদি দখিলকার তাহা কবুল করিতে অস্বীকৃত হয় তবে কালেকটর সাহেব যে রূপে বুঝেন জমা বন্দবস্ত ক রিবেন পরে নিষ্কর ভোগীর প্রতি নিষ্কররূপে থাকনের চূড়ান্ত হুকুম হইলে যত টাকা খাজনা আদায় হইয়াছে বৎসরে শতকরা ৬ টাকার হিসাবে সুদ সমেত ফিরি য়া পাইবেক।

লাখেরাজ দার ও ভোগির নাম ঃ খারিজ বিষয়।

১৮২৮ সালের ৩ আইন ১১ ধারা ২ প্রকরণ নিষ্কর ও মোকররি জমা ভোগি দিগের কর্ত্তব্য আত্ম ভূমিতে দান ও হস্তান্তর প্রভৃতি কি উত্তরাধিকারিত্ব ইত্যাদি যে কোন রূপে স্বত্ব জন্মাইয়াছে ৬ মাসের মধ্যে তাহার সংবাদ কালেক্টর সাহেবের নিকটে না দিলে ঐ ভূমি ক্রোক হইবেক পরে দাওয়াদারের অধিকার রাজস্ব কমিস্যানির সাহেবের নিষ্পত্তিতে আব্যস্ত হইলে ঐ ভূমিতে যত টাকা জরিমানা না দিলে ভূমি ফিরিয়া পাইবেক না।

পাট্টা ও সনন্দের বিবেচনা।

১৮২৮ সালের ৩ আইন ১২ ধারা যে ভূমির সনন্দ ও পাট্টাতে পৈতৃক অধিকারিতা ক্রমে কি পুরুষানুক্রমে ভোগ করণের নিয়ম বিশেষ রূপে না থাকে ও ঐ রূপ রেজেষ্টরীতে স্পষ্টতা না পাওয়া যায় এমত ভূমি কুম্পানি বাহাদুরের অধিকার হওনের তারিখ হইতে যাহার দখলে ছিল তাহার মরণানন্তর উপযুক্ত আদালতে দ্বারা ঐ ভূমিতে পুত্র পৌত্রাদি ক্রমে ভোগ বাণ থাকনের অধিকারি ব্যাতিরেকে ঐ ভূমি বাজেয়াপ্ত হইবেক

বাজেয়াপ্ত ভূমি জমিদারের দখলে রাখন।

১৮৩৮ সাল ৮ আকটোবরে যশোহরের কমিসনর [redacted] সাহেবের দপ্তর খানা আলিপুর হইতে জারি হয়॥ ঐ চিঠির [redacted] দফায় আদেশ আছে যে বাজেয়াপ্তি ভূমিতে লাখেরাজদারদিগের যে নিসানি দিবেক সরকারের কর্ম্মকর্ত্তাদিগের কর্ত্তব্য উহার স্থানে কোন কাগজ দৃষ্টে তাহার প্রমাণ বুঝেন ঐ স্থানের জমিদারের স্থানে কোন কাগজ তলব না করেন।

৫ দফায় আদেশ আছে যে নিষ্কর ভূমি যাহা বাজেয়াপ্ত হইবেক তথাকার জমিদার যদি ঐ ভূমি বন্দোবস্ত করিয়া লইতে অস্বীকৃত হয় তবে যাহার প্রতি জমি বাজেয়াপ্ত হইয়াছে তাহার সহিত বন্দোবস্ত হইবেক না।

বাজেয়াপ্ত ভূমির সানি তজবিজ।

১৮৩৮ সালের ১৮ ডিসেম্বর তারিখের চিঠি সদর হদ্দে হুকুম ১৭৯৩ সালের ১৯ আইনের ২ দফার মোতাবক কোম্পানির দেওয়ানির পূর্ব্বের লাখেরাজ বাজেয়াপ্ত হইবেক না যদি হইয়া থাকে কমিসনরে সানি তজবিজের হুকুম দিবেন।

জামিনীর আলাহিদা ইষ্টাম্পের হুকুম।

১৮৩৭ সালের ১৭ আকটোবর ৩৩২৮ নম্বরে সদর দেওয়ানী আদালতের সরকিউলর চিঠিতে হুকুম

আসল দস্তাবেজ কাগজে আসলী লেখা হইলে তাহা অগ্রাহ্য।

যে২ সন তারিখে যে দেশে সরকারের অধিকার।

১৮২৫ সালের ১৪ আইনের ৩ ধারা ৭ প্রকরণে প্রকাশ

দেশ	অধিকারের সন তারিখ
সুবে বাঙ্গলা ও বেহার	ইং সন১৭৬৫ সাল
ও উড়িষ্যা	১২ আগষ্ট
জেলা বারানস	ইং সন১৭৭৫ সাল
	১ জানেওয়ারি
নবাব উজিরলমুলুকের	ইং সন১৮০১ সাল
অর্পিত দেশ	১ জানেওয়ারি
দৌলতরাও সিন্ধিয়া	ইং১৮০৩ সাল
পেশোয়ার সমর্পিত দেশ	১ জানেওয়ারি
জেলা কটক ও পটাশপুর	ইং ১৮০৩ সাল
পরগণা ও তৎ সম্বন্ধীয় দেশ	১৪ আক্টোবর
রাজা গোবিন্দরাও হরর	ইঙ্গরাজী১৮১৭ সাল
অর্পিত খান্দেয়াদি দেশ	নবেম্বর

নিষ্কর ভূমি যাহা বহাল থাকিবেক।

সন১৮২৫ সাল ১৪ আইনের ৩ ধারা ১ প্রকরণ ক্র সরকারের অধিকারের পূর্ব্বে যে সকল ব্যক্তি দানে নিষ্কর ভোগ রাখিতেন যদি তাহারা দিয়া থাকেন সেই

ভূমির সংপ্রথাক্রম যুক্ত।

২ প্রকরণে আদেশ আছে যে নীচের লিখিত তা রিখ হইতে কি তাহার পূর্ব্ব লাখেরাজ মহাল পুরুষানু ক্রমে যে ব্যক্তির দখল কাবেজে থাকে ঐ রূপে লাখে রাজ প্রত্যয় জনক হইবেক।

বাঙ্গালার মহাল হাবেলির চলিত তারিখের তপসীল

দেশ	দানের চলিত হওন তারিখ
কটক ভিন্ন শুবে বাঙ্গলা ও	১৭৬৫ সাল
বেহার ও উড়িষ্যা	১০ আগষ্ট হইতে
জেলা কটক ও পটাসপুর পরগণা	১৭৯৬ সাল
পাণ্ডুয়া ও তৎসম্পর্কীয় মহাল	৩ আকটোবর হইতে
বারানসী জিলাতে	১৭৭৮ সাল
	১১ জুলাই হইতে
উজিরমুলকের অর্পিত দেশে	১৭৮৯ সালের
	১০ নবেম্বর হইতে
দৌলতরাও সিন্ধিয়া ও	১৭৯২ সালের
গোয়ালিয়র দেশে	১ জানওয়ারি
খান্দে পরগণা অন্যদেশে	১৮০৫ সালের
আংগোবিন্দের অর্পিত দেশে	১ নবেম্বর হইতে

১৮২৫ সালের ১৪ আইনের ৩ ধারা ২ প্রকরণ যদি উ ক্ত তারিখের পর পুরাবধি কেহ নিষ্কর ভোগ ক রিয়া পুরুষানুক্রমে কাবেজে রাখিয়া থাকে এমতে ও

উহাতে স্বত্বস্থাথ প্রমাণ হইবেক না কিন্তু যদি ঐ মহাল প্রসিদ্ধ রূপে পৈতৃক সাবুত হয় কি হাকিমের নিকট কাবেজের স্বত্ব উপস্থিত হইয়া গবর্ণর জেনরেল কৌন্সলে মঞ্জুর হইয়া থাকে তবে হইবেক।

নিষ্কর ভূমি বাহালের বিষয়ে সরকিউলর বাজে প্রাপ্ত হইলে আমি জবীজ।

চিঠি বুরুণ সাহেব কমিসনর রেবিনিউ ১৮৩৮ সালের ২৯ ডিসেম্বর ৪৭৯৩ নম্বর।

বনাম ইস্পিসল ডিপুটী কালেকটর জেলা তিরহুত ঐ সাহেবের জ্ঞাত কারণ সদর বোর্ডের সেক্রেটারী সাহেবের ১৮৩৮ সাল ২৭ নবেম্বর ৭৬ নম্বর ১ কেতা চিঠি মন্তরাজে কৈফিয়ত খোলাসা ১৮২৫ সাল কানুন ১৪ পাঠান যাইতেছে।

সদর বোর্ডের সেক্রেটারী সাহেবের ১৮৩৮ সাল ২৭ নবেম্বর ৭৬ নম্বর বনাম সাহেব কমিসনর রেবিনিউ ভাগলপুর যে সাহেবান সদরবোর্ডের নিশ্চিত হইয়াছেন বিনা গদ্দ ১৮২৫ সালের ১৯ আইনের ২ ধারায় অনবরত নিষ্কর ভূমি সকল ১৭৯৩ সালের ১৯ আইনের ১৯ আইনের ২ ধারার অনবধানে বাদসাহী ও রাজ্যাধি পতির সনন্দ সকল খাস ডেপুটী দ্বারা বাজেয়াপ্ত হইয়াছে।

২ দফা বোর্ডের অভিপ্রায় যদি বাদসাহীনা হয় ১৭৬৫ সালের ১২ আগষ্টের পূর্ব্ব ভূমি পাইয়া থাকে যদি ঐ ভূমি বাজেয়াপ্ত হইয়া জমা নেশস্ত হইয়া থাকে তবে ডিং টী কালেক্টর সাহেবের কর্ত্তব্য যে সানি তজবী জের নিমিত্ত কমিসনর সাহেবের নিকট ১৭৯৩ সালের ১৯ আইনের ২ ধারা মোতাবেক এরোজাত প্রার্থনা করেন।

৩ দফা ১৮২৫ সালের ১৪ আইনের ২ ধারায় আজ্ঞা যে ভূমি দিতে ও লইতে যাহার ক্ষমতা ছিল তাহার দেওয়া নিষ্কর ভূমি বহাল থাকিবেক, এই ক্ষমতা অজ্ঞেয় ছিলনা।

৪ দফা ১৭৯৩ সালের ১৯ আইনের ২ ধারায় লিখিত আছে যে দেওয়ানির পূর্ব্বে যে ভূমি নিষ্কর রূপে দান করিয়াছে তাহার সনন্দ দৃষ্ট হউক বা না হউক ১৭৬৫ সালের ১২ আগষ্টের পূর্ব্বাবধি দখলি ভূমি বহাল থাকিবে।

আমলা ভগীরের নাজেশ হওন বিষয় সদর আমীন প্রধান সদর আমীন দিগের প্রতি।

৩৩২৯ নম্বর

১৮৩৮ সালের ৫ আক্টোবর তারিখে সদর দেওয়ানি আদালতের লিখিত সরকিউলর চিঠিতে হুকুম প্রকাশ হয়॥

১ দফা কোন সময় আমার আলা বা আমিন বা মন্‌ শেফ কোন জেলা বা চৌকীতে উপস্থিত হইয়া সাবেক্‌ ক্ষমতা বিনা। অপরাধে ছাড়াইতে পারিবেন না।

২ দফা যদি নিরপরাধে আমলাকে ছাড়ান তবে তথাকার শ্রীযুত জজসাহেবের নিকট আবেদন ক রিবে তজবীজ করিয়া অপরাধ সপ্রমাণ না হইলে তৎ ক্ষণাৎ তাহাকে বাহাল করিবেন।

৩ দফা যদ্যপি জজ সাহেবের কৃত বিচারে অসম্মত হয় তবে জজসাহেবের আজ্ঞার প্রাপ্ত স্বীয় অধিকার দর্শাইয়া সদরে আপীলের দরখাস্ত করিলে তথায় বি শেষরূপে তজবিজ হইয়া জজসাহেবের হুকুম অন্যথা হইয়া ঐ ভাগিয়া আমলা বাহাল হইবেক যদি জজসাহেবের কৃত বিচার অন্যায় বোধ হয় তবে তাঁহার হুকুম বহা ল থাকিবেক ইতি।

মোতফরক্কা দরখাস্তো তজবীজ হইবেক ইহার হুকুম যে আদালতে যাহা চলিতে তাহাই।

পত্তনি তালুক বন্দোবস্তের বিষয়।

১ সারকুলার অর্ডার।

সন ১৮৩৭ সালের ১৭ ফেবুয়ারি তারিখে সদর দেও য়ানির জজ শ্রীযুত রাজরইস নিবস সাহেব এতদ্রূপ আজ্ঞা প্রচার করেন যে নীলাম খরিদারের ক্ষমতা

নাই যে চাহরমে ন্যালিশ না করিয়া সাবেক পত্তনি দার
গাকে বেদখল করে পরে সদর বোর্ডের সাহেবান তা
হাতে অসম্মতহইয়া পুনর্বিচার প্রার্থনাতে সদরে চিঠি
লেখেন তাহাতে কলিকাতার সদর দেওয়ানির সাহে
বান্ সমুদায় কাগজাত ও এলাহাবাদের সদরদেওয়া
নির জজবী ঐ ডিভইসন্ মিপ সাহেবের রায় বহাল অব
গত হইয়া কোনসনে পাঠান তাহাতে সাহেবন্ কৌন্
সলে বিচার পূর্ব্বক মঞ্জুর করিয়া কলিকাতায় সদর দে
ওয়ানিতে পাঠান তাহাতে ১৮৩৯ সালের ১৫ নবেম্বর
তারিখে বেবাড়িন সাহেব ও রাটরি সাহেবও টগর সা
হেব ওটগর সাহেব ও রিড সাহেবর হুকুম হইতে মেম্
ডিভইসমিথ সাহেবের রায় ঐক্য হইবায় তাঁহার বর
কারি সদর দেওয়ানিতে তৈয়ার ও দস্তখত প্রস্তুত
হয় ।

পত্তনি ও দর পত্তনি তালুক চিরকাল
স্থায়ি হওনের বিধান ।

১৮১৯ সালের ৮ আইনের [illegible] ধারার ১ প্রকরণের
আজ্ঞায়ে, পত্তনি তালুকওদর পত্তনি তালুক চির
স্থায়ী, তালুকদার ইচ্ছাপূর্ব্বক দান বিক্রয় ইত্যাদি
করিতে পারিবেক এবং তিকরি জারিতে ক্রোক বিক্র
য় হইবেক । ঐ আইনের ২ প্রকরণে পত্তনি তালুক

দার আপনাপত্তনি দরপত্তনি দিতে পারিবেক।

জমিদারের পাওনা বাকী মালগুজারির অন্য পত্তনি দারের পত্তনি তালুক নীলাম হইলে দর পত্তনিদারের স্বত্বলোপ হইবেক। ক্রয় কর্ত্তার স্বত্ব হইয়া যে প্রকার পত্তনিদার জমিদারের নিকটে ছিল, ক্রয় কর্ত্তাও ঐ প্রকার থাকিবেক।

জমিদারের যত টাকা বাকীর নিমিত্ত পত্তনি তালুক বিক্রয় হইবেক যদি বাকী সেওয়ায় অধিক মূল্য হয় তবে ঐ অধিক টাকা পত্তনিদারের স্বত্ব।

পত্তনি তালুক খারিজদাখিল করণ বিষয়।

১৮১৯ সালের ৮ আইন ৭ ধারায় আজ্ঞা আছে যে মালগুজারির বাকীর নিমিত্তে কিম্বা ডিকরি জারি তেই বা হউক পত্তনি বিক্রিত হইলে নীলাম খরীদার ক্রয়ের তারিখ হইতে এক মাসের মধ্যে খারিজদাখিলের নিমিত্ত জমীদারের নিকট হাজির না হয় তবে জমীদার তালুক খারিজদাখিল পর্য্যন্ত ক্রোক সাজোয়াল মেক্কেরর করিবেক যত টাকা উসুল হইবেক খাজনাও তত্তমাসের খরচা বাদে যাহা থাকিবেক তাহা ক্রয় কর্ত্তার নিমিত্ত আমানৎ রহিবে যদি অদ্যের সমান অ আমান হয় তাহা ক্রয় কর্ত্তার কিম্বা তাহার প্রজাকা খ্রী আমের যোগ্য হইবেক।

রেবিনিউ বোর্ডের ১৮৪১ সালের জানুয়ারির সরকিউলর চিঠী।

নীলাম আবজুতের টাকা কালেকটর সাহেব মালগুজারীদার ব্যতিরিক্ত আদালতের হুকুমেও অন্য কাহাকে ১২ বৎসরের মধ্যে দিতে পারিবেন না।

জমীদারির বাকীর নিমিত্ত নীলামের তারিখ হওনের বিবরণ।

নীলামী চিঠী।

শ্রীশ্রীযুত গবর্ণমেণ্টের ১৮৪১ সালের ২৫ জানুয়ারির চিঠী প্রকাশ হয় নীচের লিখিত দফাওয়ারিতে হুকুম।

১ দফা। ১৭৯৩ সালের ১৪ আইন ২১ দফা ১৭৯৪ সালের ৩ আইনের ২ দফা ১৮২২ সালের ১১ আইনের ৩৮।৭০ দফা আর ১৮৩০ সালের ৭ আইন এককাল রদ হইল।

২ দফা। ১২৪৯ সালের ১ বৈশাখ হইতে খাজানা বাকীর নিমিত্তে নূতন নিয়মানুসার হইল।

৩ দফা। বৎসরের মধ্যে খাজনা বাকীর নিমিত্তে ৩ দফা অর্থাৎ তিনবার বৎসরে নীলাম হইবেক ঐ নীলামের তারিখ স্থির হইবেক।

৪ দফা। ১০ দশহাজারের মফোস্বলের মহাল নীলাম হইবেক না।

৫ দফা। ৩০ বৈশাখের মধ্যে নাগাএদ কিস্তী চৈত্রের বাকী আদায় হইবেক ঐ তারিখ গত হইলে বকেয়া বাকী জ্ঞান করিতে হইবেক অর্থাৎ যে সনের মালগুজারি সেই সনের বৈশাখ অবধি চৈত্র পর্য্যন্ত কিস্তি নিরূপিত আছে তাহা খাজনায় জমা হয় এ কারণ নিয়ম হইল যে ঐ চৈত্র গতে ৩০ বৈশাখ তারিখ উক্ত দাখিল হইলে হাল বোধ হইবেক উক্ত তারিখ গত হইলে ঐ সনের টাকাকে বকেয়া বাকী বোধ করিতে হইবেক।

৬ দফা। ইস্তেহারি বাকী নীলামের পূর্ব্বদিবস দুই প্রহরের মধ্যে দাখিল করিতে হইবেক তাহার পর কি নীলামের দিবসে দাখিল হইবেক না।

৭ দফা। যদি কোন ব্যক্তির কোন মহালের টাকা কালেকটরীতে আমানৎ থাকে তবে তাহার কর্তার নীলামের দিবসের পূর্ব্বে লইবেক ইস্তেহারি বাকীতে বরাত হইবেক না ও ঐ ওজোরে নীলাম মৌকুফ হইবেক না।

৮ দফা। নীলামের ২০ দিবস পূর্ব্বে নীলামের ইস্তেহার শ্রীযুত জজ সাহেবের ও প্রধান সদর আমিন ও সদর আমিন ইত্যাদি প্রত্যেক হাকিমের কাছারিতে প্রকাশ করা যাইবেক।

৯ দফা। জমীদারী সংক্রান্ত বিবাদে উভয় বিব

ৗতে আদালতে মোকদ্দমা উপস্থিত করিয়া থাকে ঐ জমিদারী বাকী জন্য নীলামে উপস্থিত হয় তবে যে ব্যক্তি নীলামে ইশ্তাহারি বাকী দিবেক কালেকটরের খ। থিলা ঐ আদালতে উপস্থিত করিলে ঐ জমীদারি ঐ বাকী দাখিল করণিয়ার দখলে জামিন লইয়া দেওয়া যাইবেক।

১০ দফা। যে কোন মহাল নাবালকী [redacted] আদালতের হুকুমে ক্রোক হইয়া থাকে [redacted] কালেকটর সাহেব তাহাতে তহসিলদার আছেন ঐ সকল মহাল বৎসরের আখিরিতে একবার নিলাম হইবেক এবং যদি অনেক নাবালকের মধ্যে একজন ১৮ বৎসরের হইয়া থাকে সে মহালে একবৎসরের নিয়ম থাকিবেক না।

১১ দফা কালেকটর [redacted] কমিসনর সাহেবের ক্ষমতা আছে নিলামের দিবসে নীলাম করেন বা না করেন ॥

১২ দফা। যদি নীলামের নিয়মিত দিবসে কালেকটর কি কমিসনর সাহেব পিড়ীত থাকেন তবে ১ অবধি ৭। চাদিনের মধ্যে নীলাম করিতে পারিবেক। এতন্নিমিত্ত দ্বারোতে এশ্তেহার দিবেক।

১৩ দফা। কালেকটর সাহেব তরজিবপত্র অর্থাৎ ক্রমেযাহারপর যে সংখ্যা তাহার ব্যক্তিকে মুক্ত...

১৪ দফা। নীলাম খরিদারের কর্ত্তব্য নীলামের প ণের রোবা অর্থাৎ চারি অংশের এক অংশ তৎক্ষণাত্ত দাখিল করিবেক নতুবা ছানি নীলাম হইবেক ছানি নী লামে কিম্মতের ন্যূনত্ব পুর্ব্বকারণ প্রথম খরিদারের প্রতি আদায় হইবেক।

১৫ দফা। নিলামের মূল্যের অবশিষ্ট টাকা ৩০ দিনে র মধ্যে দিতে হইবেক যদি ঐ দিবস রবিবার হয়। তবে তাহার পর দিবস সোমবারে দাখিল করিবেক তাহা না করিলে রোবা টাকা অর্থাত্ চারি অংশের এক অংশ যাহা আমানত আছে তাহা সরকারে জব্দ হইবেক আ র ছানি নীলামের লোকসান তাহাকে দিতে হইবেক তজ্জন্য জায়দাদ ক্রোক করত নীলামে করিয়া লওয়া যা ইবেক।

১৬ দফা। নীলাম ভূমিতে কালেকটর সাহেব হুকুম নামাজারি করিবেন যাবত নীলামি সেলমঞ্জুর না হয় তাবত প্রজাগণ কাহাকেও মালগুজারি না দেয়।

১৭ দফা। নীলামের আপীল করণের মিয়াদ ১০ দশ দিনের মধ্যে কমিশনর সাহেবের নিকটে আবেদন ক রিতে হইবেক যদি কমিশনর সাহেব দূরে থাকেন ত প্রযুক্তে নিরূপিত দিনের মধ্যে তথা পৌঁহুছিয়া আবে দন পত্র দাখিল করিতে না পারে তবে কালেকটর সা

হেবের সমীপে আপিলি আবেদন পত্র দাখিল করিবেক উক্ত সাহেব কমিস্যনর সাহেবের নিকটে প্রেরণ করিবেন কমিস্যনর সাহেব আপীল মঞ্জুর না মঞ্জুর করণের কর্ত্তা কোর্টের হুকুম আবশ্যক নাই ।

১৮ দফা । যদি কমিস্যনর সাহেব ঐ নীলাম অন্যায় বোধ করেন তবে তিনি সদর বোর্ডে এত্তেলা দিবেন বোর্ডের সাহেবান অন্যায় বোধ করিলে গবর্ণমেণ্টে এত্তেলা দিবেন কৌনসেলের সাহেবান মঞ্জুর কিম্বা নামঞ্জুর করণের কর্ত্তা ।

১৯ দফা । নীলামের বেবাক টাকা দাখিল হইলে কালেক্টর সাহেব নীলাম মকুফ না করিবেন যদি ঐ নীলামের প্রতি আপিল হইয়া থাকে তবে তাহার প্রতি নিষ্পত্তি অর্থাৎ অপেক্ষা করিবেন ।

২০ দফা । কালেক্টর সাহেব নীলাম মঞ্জুর অর্থাৎ দুরুস্ত হইলে নীলাম খরিদারকে ১৮৪১ সালের ২৩ আইনের ওয়াফিক আসিলের সার্টিফিকট দিবেন এবং প্রজা দিগের নামে হুকুম নামা জারি করিবেন আপনার মনসেফ ও দারোগা দিগে হুকুম দিবেন কালেক্টর সাহেবের কর্ত্তব্য সরকারের বাকী খাজানা আদায় [illegible] লামের টাকা হইতে লইয়া বাকী টাকা [illegible] জমীদারকে দিবেন । এবং [illegible]

২১ দফা। যে খরিদার নীলামের সার্টিফিকেট পাইবে কি ভিন্ন ব্যক্তি বেনামী দাওয়া করিলে সেদাওয়া ... অগ্রাহ্য করিবেন।

২২ দফা। কমিশনর সাহেব যে মহাজনের আপীল গ্রাহ্য করিয়া ... অন্যথা ... করেন তাহার ... উচিত যে ক্রয়করণীয়ার টাকা সুদ সমেত ফিরিয়া দিবেন।

২৩ দফা। ক্রয়কারণীয়া ক্রয় করণের তারিখ হইতে সরকারের মালগুজারির দেনাদার হইবেক যদ্যপি ঐ নীলাম নামঞ্জুর হয় তবে ছানি নীলামের খরিদার ঐ পূর্ব্ব নীলামের তারিখ হইতে সরকারের মালগুজারির দেনাদার হইবেক।

২৪ দফা। যদি মালগুজারি বাকীদার নীলাম হইলে বিষয়ে আদালতে নালিশ করে তদ্বিষয়ে জজসাহেব দেখিবেন যে এই চিঠীর দফাতে নীলামের নিয়ম যাহা লেখা গেল যদ্যপি ইহার বিপরীত রূপে নীলাম হইয়া থাকে তবে নীলাম নামঞ্জুর করিতে পারিবেন আর মালগুজারি বাকীদার যদি ঐ নীলামের টাকার মধ্যে ফিরিয়া ... তবে নালিশ করিতে পারিবেনা।

২৫ দফা। আদালতে নীলাম নামঞ্জুর হইলে খরিদার সুদ সমেত টাকা ফিরিয়া পাইবেক।

২৬ দফা। নীলাম খরীদার যে সকল জমী নীচে লে খায়ার এতদ্ভিন্ন অন্য জমীর বন্দোবস্ত করিতে পা রিবেন।

১৮১২ সালের ৫ আইনের ১০ ধারামোতাবক বন্দো বস্ত করিতে পারিবেক।

প্রথমতঃ। ইস্তমরারি মহালাৎ যাহা দশ সালা ব ন্দো বস্তের পূর্ব্ব ১২ বৎসর হইতে এক জমাতেই স্থায়ী আছে।

দ্বিতীয়। দশসালা বন্দোবস্তের সময় একজমায় বিনা জমি বোশখতে বন্দোবস্ত হইয়াছে।

তৃতীয়। কাদিমি খোদকস্তা চাসি প্রজাদিগের নিজচা সের জমী নির্দ্ধারিত আছে।

চতুর্থ। প্রজার বসত বাটী ও তেজারতের কুটী ও বা গীচা পুষ্করিণী খাল কালাজঙ্গল বুরি ২০ বৎসরের মি য়াদী ইজারায় বন্দোবস্ত হইয়া থাকে।

২৭ দফা। নীলামের সময় কালেক্টরসাহেবের নিকটে কেহ ব্রে আদবী করিলে ২০০ দুইশত টাকা জরিমানা করিবেন না দিতে পারিলে ১ মাহার মিয়াদে কএদ্ হইবেক।

এই দফা চিঠী তামামি হইল ইতি॥

১৮৪১ সাল ১২ আইন।

মালগুজারীর বাকী আদায়ের নিমিত্ত ভূমি নীলামে র রিয়ায় বাঙ্গলা দেশের চালত আইন শুধরিবার আইন।

রদ হওয়া আইন।

অতএব ইহাতে হুকুম হইল যে ১৭৯৩ সালে ১৪ আ ইনের ২ ধারা ও ১৭৯৪ সালের ৩ আইনের ২ দুইধারা এবং ৩৬ ও ৩৮ ধারা ব্যতিরিক্ত ১৮২২ সালের ১১ আইন এবং ১৮৩০ সালের ৭ আইন রদ হইল কেবল উক্ত আইনের যে বিধির দ্বারা অন্য আইন বা আইনের কোন ভাগ রদ হইয়াছিল তাহা বহাল থাকিবেক।

শুদ ও জরীমানা রহিত।

২ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে এ আইনের ৩৫ ধারায় নিরূপিত তারিখের পর যে ভূমির মালগুজা রী বাকী পড়ে তাহার উপর কিছু শুদ বা জরীমানার দা ওয়া হইবেক না ইতি।

নীলামের নিরূপিত দিবস।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পর কলিকাতার সদর বোর্ড রেবি নিউর সাহেবেরা তাঁহারদের অধীন ইস্তমরারী জমা ধার্য্য হওয়া প্রত্যেক জিলা বা প্রদেশের বিষয়ে প্রতি

বৎসরের যে যে নিশ্চিত তারিখে মহালবিক্রয়ের জায়া তাহার ভূমির মালগুজারীর বাকী আদায় করণের কার্য্য আরম্ভ হইবেক তাহা নিরূপণ করিবেন— রেবিনিউ বোর্ডের সাহেবেরা ঐ নিরূপণ করা তারিখের সমাচার কলিকাতা গেজেটে প্রকাশ করিবেন। আর প্রত্যেক জিলার কালেকটর সাহেবের ক্ষিপ্রগঞ্জ ও ইন ক্রমে নীলাম করণের ক্ষমতা প্রাপ্ত অন্য কোন কার্য্য কারকের কাছারীতে এবং জজ ও মাজিষ্ট্রেট সাহেব এবং প্রধান সদর আমীন ও সদর আমীন ও সদর মনসেফের কাছারীতে ঐ সমাচার প্রত্যেক জিলার চলিত ভাষায় ঘোষণা করিতে হুকুম দিবেন। এবং যে২ তারিখ ঐ মত নিরূপণ হইবেক সেই সেই তারিখ ঐ বোর্ডের সাহেবেরদের পশ্চাল্লিখিতমতে ইশতিহার ও এত্তেলা দেওনে ব্যতিরেকে পরিবর্ত্ত হইবেক না। এবং ইশতিহার ও এত্তেলা উক্তমতে প্রথমবার প্রকাশ হওনের পর যে বৎসরে নূতন তারিখ বা তারিখ সকল আমলে আসিবেক তাহার পূর্ব্বের মালগুজারী সম্পর্কীয় বৎসর সমাপ্ত না হওনের অন্যূন তিনমাস পূর্ব্বে ঐ মত ইশতিহার এত্তেলা দিতে হইবেক। এবং নীলামের নিমিত্ত যে প্রত্যেক দিবস নিরূপিত হয় তাহার অন্যূন পূর্ব্বে সম্পূর্ণ ১৫ দিবস পর্য্যন্ত পূর্ব্বোক্ত প্রত্যেক কাছা

